দৈনিক বাংলা

22

তারিখ ..20 NOV 1987.. ...
পৃষ্ঠা... .. .. 7 কলাম... 7

# ৯ জন প্রধান শিক্ষককে অপসারণে বোর্ডের সুপারিশ

(নিজস্ব সংবাদদাতা)

ময়মনসিংহ, ১৮ই নবেম্বর।— বৃহত্তর ময়মনসিংহের ৯টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগের প্রেক্ষিতে ঢাকা বোর্ড তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য স্কুলগুলোর ম্যানেজিং কমিটির কাছে সুপারিশ করেছে।

উক্ত সুপারিশে বোর্ড কর্তৃপক্ষ স্কুলগুলোর প্রধান শিক্ষকদের অপসারণ করার পরামর্শ দিয়েছে। এ ব্যাপারে ম্যানেজিং কমিটি সঠিক পদক্ষেপ নিতে ব্যর্থ হলে বোর্ড কর্তৃপক্ষ বিকল্প হিসেবে সংশ্লিষ্ট স্কুলগুলোর সরকারী অনুদান বন্ধ করে দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কাছে চিঠি দিবে

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অনিয়মিত ছাত্রছাত্রীদেরকে নিয়মিত দেখিয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দান, বোর্ডের নিয়ম লংঘন, সময় মত নির্দেশ পালনে অক্ষমতাসহ বোর্ড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট স্কুলগুলোর প্রধান শিক্ষকদের বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ এনেছে। এসব অভিযোগ প্রমাণিত হওয়ায় গত শিক্ষা বর্ষে মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রায় ৫শ' ছাত্র-ছাত্রীর ফলাফল বোর্ড কর্তৃপক্ষ স্থগিত রেখেছে। কোথাও আবার পাসের প্রমাণপত্র আটকে দিয়েছে।

জানা গেছে, এই বিপুল সংখ্যক ছাত্রছাত্রী তাদের পাস-ফেলের খবর জানতে না পেরে পরবর্তী শিক্ষা-জীবন শুরু করতে পারছে না।

(৯-এর পৃঃ দ্রঃ)